



## বাক্যের পদ পরিচয় — বিশেষ্য পদ

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। বাক্যে ব্যবহৃত পদগুলিকে কয় ভাগে ভাগ করা যায় ?  
(ক) দুই (খ) তিন  
(গ) চার (ঘ) পাঁচ
- ২। সাধারণত একটি বাক্যের প্রথমে এবং পরে কোন্ কোন্ পদ বসে ?  
(ক) প্রথমে বিশেষ্য বা সর্বনাম পরে ক্রিয়াপদ (খ) প্রথমে বিশেষ্য পরে বিশেষণ  
(গ) প্রথমে ক্রিয়াপদ পরে বিশেষ্য (ঘ) কোনটি নয়
- ৩। বিশেষ্য পদের আর এক নাম কি ?  
(ক) অব্যয় পদ (খ) সর্বনাম পদ  
(গ) নাম পদ (ঘ) কোনটি নয়
- ৪। বিশেষ্য পদকে কয়টি ভাগে ভাগ করা যায় ?  
(ক) চার (খ) পাঁচ  
(গ) ছয় (ঘ) সাত
- ৫। যে বিশেষ্য পদ দ্বারা কোনো ব্যক্তি, নদী, স্থান, পর্বত, গ্রন্থ ইত্যাদির নাম বোঝায় তাকে বলে —  
(ক) বস্তুবাচক (খ) সমষ্টিবাচক  
(গ) সংজ্ঞাবাচক (ঘ) গুণবাচক
- ৬। মানুষ পৃথিবীর শ্রেষ্ঠতম জীব। রেখাঙ্কিত পদটি কোন্ পদ ?  
(ক) জাতিবাচক (খ) সমষ্টিবাচক  
(গ) ক্রিয়াবাচক (ঘ) গুণবাচক
- ৭। লেখাপড়া করে যে গাড়ি ঘোড়া চড়ে সে। রেখাঙ্কিত পদটি কি ?  
(ক) জাতিবাচক (খ) সংজ্ঞাবাচক  
(গ) ক্রিয়াবাচক (ঘ) বস্তুবাচক
- ৮। গুরুজনদের ভক্তি করবে। রেখাঙ্কিত পদটি হল —  
(ক) ক্রিয়াবাচক (খ) গুণবাচক  
(গ) সমষ্টিবাচক (ঘ) বস্তুবাচক
- ৯। এক ঝাঁক পায়রা আকাশে উড়ে গেল। রেখাঙ্কিত পদ হল —  
(ক) সমষ্টিবাচক (খ) বস্তুবাচক  
(গ) গুণবাচক (ঘ) জাতিবাচক
- ১০। জল পরে, পাতা নড়ে — রেখাঙ্কিত পদটি হল —  
(ক) সমষ্টিবাচক (খ) সংজ্ঞাবাচক  
(গ) ক্রিয়াবাচক (ঘ) বস্তুবাচক

- ১১। যে বিশেষ্য একটিমাত্রকে না বুঝিয়ে সারা জাতির নাম বোঝায় তাকে বলে —  
(ক) সমষ্টিবাচক (খ) সংজ্ঞাবাচক  
(গ) গুণবাচক (ঘ) জাতিবাচক
- ১২। গঙ্গা নদী ভারতের প্রধান একটি নদী - বাক্যে 'গঙ্গা' শব্দটি হল —  
(ক) বস্তুবাচক (খ) সংজ্ঞাবাচক  
(গ) জাতিবাচক (ঘ) গুণবাচক
- ১৩। বাঙালী একটি ভোজন রসিক জাতি। — 'বাঙালী' শব্দটি হল —  
(ক) গুণবাচক (খ) সমষ্টিবাচক  
(গ) বস্তুবাচক (ঘ) জাতিবাচক
- ১৪। বাঙালী একটি ভোজন প্রিয় জাতি। - 'ভোজন' শব্দটি হল —  
(ক) ক্রিয়াবাচক (গ) গুণবাচক  
(গ) বস্তুবাচক (ঘ) জাতিবাচক
- ১৫। যে বিশেষ্য দ্বারা কোন গুণের নাম বোঝায় তা হল —  
(ক) সমষ্টিবাচক (খ) ক্রিয়াবাচক  
(গ) জাতিবাচক (ঘ) গুণবাচক

Amit Kundu

\*\*\*\*\*